

প্রিয় অভিভাবক

সম্মানিত অভিভাবকদের নিচের নির্দেশনাগুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ:

১. আপনার সন্তানকে দেয়া সকল বই আগামী শনিবার ছাত্র-ছাত্রীদের ব্যাগে দিয়ে দিবেন। আমরা বইগুলো প্রত্যেক ছাত্র-ছাত্রীর নামে মার্ক করা, রুটিন অনুযায়ী ক্লাসে বই আনার সংকেত ব্যবহার, অভিভাবকদেরকে সে অনুযায়ী সুন্দর গাইড লাইন দেয়ার পর আবার ফেরত দিয়ে দিব ইনশাআল্লাহ।

২. শনিবার প্রথম-তৃতীয় শ্রেণিতে কুরআন প্রতিযোগিতা আছে। এটি নিয়মিত এক্টিভিটির অংশ। ইভেন্ট ক্যালেন্ডার অনুযায়ী জানুয়ারী মাসে এটি সম্পন্ন হবে। শনিবার যাতে সবাই যাইতুনে আসে সেটা আপনারা নিশ্চিত করবেন। এই প্রতিযোগিতাটি ক্লাসেই সম্পন্ন হবে, অভিভাবকদের অংশগ্রহণের সুযোগ নেই। প্রতিযোগিতায় অংশগ্রহণের মার্ক ছাত্র-ছাত্রীদের মার্কশীটে যুক্ত হবে।

৩. আমাদের প্রাথমিক অনুসন্धानে প্রতিভাত হয়েছে যে, শিক্ষার্থীরা আরবিতে খুব পিছিয়ে আছে। বেসিক অনেক দুর্বলতা আছে। সেজন্য আমরা ক্লাস ওয়ান থেকে থ্রি পর্যন্ত কমন সিলেবাস দিয়ে বেসিক মজবুত করে তারপর সামনে আগাতে চাই। সে অনুযায়ী আজকে থেকে বাচ্চাদের ক্লাস শুরু হয়েছে নতুন বই দিয়ে।

৪. আজকে সকল ছাত্র-ছাত্রীদের ব্যাগ থেকে বই রেখে দেওয়া হচ্ছে। বাকী বইগুলো শনিবার পাঠিয়ে দিবেন। আমরা সবকিছু ঠিক করে আবার দেব ইনশাআল্লাহ।

৫. নতুনভাবে শুরু করার কারণে আমাদের এখনো কিছু কিছু জায়গায় বিশৃংখলা আছে। আমরা সেগুলো নজরে এনে কাজ করছি। আপনাদের পরামর্শগুলো আমাদের উপকার করছে।

৬. আগামী ৩ ফেব্রুয়ারি, ২০২৪ ইং শিক্ষক-অভিভাবক মিটিং (পিটিএম) হবে। সেখানে প্রতি শিক্ষার্থীর পক্ষে কমপক্ষে একজন অভিভাবক অবশ্যই উপস্থিত হতে হবে। আপনাদের জন্য বিশেষ ওয়ার্কশপ রয়েছে।

৭. ১লা ফেব্রুয়ারি থেকে সকল শিক্ষার্থী নিম্নোক্ত বিষয়গুলো ফলো করতে হবে:

ক. আইডি কার্ড গলায় ঝুলিয়ে একাডেমিতে প্রবেশ করতে হবে। (একাডেমি থেকে আইডি কার্ড জানুয়ারির মধ্যে প্রদানের ব্যবস্থা করা হবে ইনশাআল্লাহ)

খ. ইউনিফর্ম রুল হবল্ অনুসরণ করতে হবে।

গ. ডায়েরি নিয়মিত আনতে হবে।

ঘ. সকাল ৮:১৫ এর মধ্যে একাডেমিতে অবশ্যই প্রবেশ করতে হবে।

ঙ. প্যারেন্টস কার্ড ছাড়া কেউ বাচ্চা রিসিভ করতে পারবে না।

চ. শিক্ষার্থীর টিউশন ফি সময়মতো প্রদান করুন। ফেব্রুয়ারি মাস হতে বিলম্ব পেমেন্টের জরিমানা কাউন্ট করা হবে।

৯. এখন থেকে নোটিশের জন্য হোয়াটসআপ গ্রুপও কাজে লাগানো হবে যাতে যারা ওয়েবসাইট ইউজে অভ্যস্ত নন তাদের জন্য নোটিশ পেতে সুবিধা হয়।

১০. ওয়েবসাইটে ফেব্রুয়ারি মাস থেকে লেসন, সিলেবাস, ক্লাস ওয়ার্কসহ যাবতীয় বিষয়াদি সকল কিছু আপডেট পাবেন। সেক্ষেত্রে আপনার সন্তান কোনো কারণে ক্লাসে না আসলেও আপনি ক্লাসের সকল তথ্য পেয়ে যাবেন।

আপনার সন্তানের সাবলীল শিক্ষা কার্যক্রম চালিয়ে নিতে সকলের আন্তরিক সহযোগিতা একান্ত কাম্য।

ধন্যবাদান্তে,

এডমিন টিম

যাইতুন একাডেমি।